## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য অধিদফতর
## বাংলাদেশ সচিবালয়
## ঢাকা

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ৪৭/২০১৮-১৯**

**ঢাকা, রোববার ৯ সেপ্টেম্বর ২০১৮, ২৫ ভাদ্র ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। সংসদের সম্ভাব্য শেষ অধিবেশন শুরু আজ

২। ঢাকার আইডিবি'র প্রধান কার্যালয় আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৩। দেশের অগ্রযাত্রা যেন থেমে না থাকে : কেআইবি'র জাতীয় কনভেনশনে প্রধানমন্ত্রী

৪। বিদ্যুৎ ও জ্বালানি খাতের উন্নয়ন ধরে রাখতে হবে : অর্থমন্ত্রী

৫। উন্নত বিশ্বের সঙ্গে প্রতিযোগিতা করে বাণিজ্য করতে সক্ষম বাংলাদেশ : বাণিজ্যমন্ত্রী

৬। আগামী নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ হবে : স্বাস্থ্যমন্ত্রী

৭। পাকিস্তান এখন বাংলাদেশের মতো হতে চায় : শিক্ষামন্ত্রী

৮। সাক্ষরতার চিত্র ১০ বছরের মধ্যে পাল্টে যাবে : গণশিক্ষামন্ত্রী

৯। আন্দোলনের নামে নাশকতা হলে কঠোর হস্তে দমন : আইজিপি

১০। ট্রাফিক আইন ভাঙলে পুলিশকেও কোনো ছাড় নয় : ডিএমপি কমিশনার

১১। পটুয়াখালির পায়রায় ৩৬০০ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র নির্মাণে চুক্তি স্বাক্ষর

১২। উদ্ভাবক তৈরিতে ৫০ কোটি ডলারের তহবিল গঠন করল আইডিবি

১৩। ইলিশের জীবনরহস্য উন্মোচন

চলমান পাতা-২

**১। সংসদের সম্ভাব্য শেষ অধিবেশন শুরু আজ**

চলতি দশম সংসদের ২২তম অধিবেশন শুরু হচ্ছে আজ (৯ সেপ্টেম্বর রোববার) বিকেল পাঁচটায়। ডিসেম্বরে জাতীয় নির্বাচন এবং অক্টোবরে নির্বাচনকালীন সরকার গঠিত হলে এটাই হতে পারে এ সংসদের শেষ অধিবেশন। প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা এ অধিবেশনে সমাপনী বক্তব্যে নির্বাচনকালীন সরকার নিয়ে কথা বলতে পারেন। যার কারণে এবারের অধিবেশনটি রাজনৈতিকভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে। অধিবেশন শুরুর আগে আজ (৯ সেপ্টেম্বর রোববার) বিকেল চারটায় সংসদ ভবনে সংসদের কার্যউপদেষ্টা কমিটির বৈঠক হবে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠেয় এ বৈঠকেই অধিবেশনের মেয়াদ নির্ধারণ হবে। সংসদ সচিবালয় সূত্রে জানা গেছে, একাদশ সংসদ নির্বাচন ও সম্ভাব্য নির্বাচনকালীন সরকার গঠনের সময়সীমা বিবেচনায় নিয়ে আগামী ৩০ অক্টোবর পর্যন্ত এ অধিবেশন চালানো হতে পারে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**২। ঢাকার আইডিবি'র প্রধান কার্যালয় আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (৯ সেপ্টেম্বর রোববার) রাজধানীর রেডিসন হোটেলে এক অনুষ্ঠানের মাধ্যমে জেদ্দাভিত্তিক ইসলামি উন্নয়ন ব্যাংকের (আইডিবি) আঞ্চলিক প্রধান কার্যালয়ের উদ্বোধন করবেন বলে আশা করা হচ্ছে। ইসলামি উন্নয়ন ব্যাংকের প্রেসিডেন্ট ড. বন্দর এমএইচ হাজর উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। তিনি ৫ দিনের সফরে এখন বাংলাদেশে রয়েছেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৪), **নিউ নেশন বিজনেস পাতা** (পৃ.১,ক.১)।

**৩। দেশের অগ্রযাত্রা যেন থেমে না থাকে : কেআইবি'র জাতীয় কনভেনশনে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা উন্নয়নের ধারাবাহিকতা বজায় রেখে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার ওপর গুরুত্বারোপ করে বলেছেন, দেশের যে অগ্রযাত্রাটা শুরু করেছি, সেটা যেন থেমে না থাকে। আমরা শুধু এটুকু চাই, ২১০০ সাল পর্যন্ত যেন উন্নয়ন অব্যাহত রেখে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ে তুলতে পারি। গতকাল (৮ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর ফার্মগেটস্থ কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ (কেআইবি) এর ৬ষ্ঠ জাতীয় কনভেনশন এবং এ উপলক্ষে আয়োজিত আন্তর্জাতিক সেমিনারের উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে এবং খাদ্যের জন্য যেন আর কোনোদিন বাংলাদেশকে কারো কাছে হাত পাততে না হয়, সেটা নিশ্চিত করাই আমাদের লক্ষ্য। এ ব্যাপারে কৃষিবিদদের লক্ষ্য রাখতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**৪। বিদ্যুৎ ও জ্বালানি খাতের উন্নয়ন ধরে রাখতে হবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, দেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিতে বিদ্যুৎ ও জ্বালানি খাতে উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। দেশের মানুষ যত বেশি বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহার করবে দেশ তত উন্নত হবে। গতকাল (৮ সেপ্টেম্বর শনিবার) বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ উপলক্ষে আয়োজিত তিনদিনব্যাপী মেলার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

**৫। উন্নত বিশ্বের সঙ্গে প্রতিযোগিতা করে বাণিজ্য করতে সক্ষম বাংলাদেশ : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, উন্নত বিশ্বের সঙ্গে প্রতিযোগিতা করে বাণিজ্য করতে বাংলাদেশ সক্ষমতা অর্জন করেছে। তিনটি শর্ত পূরণ করে ইতোমধ্যে এলডিসি থেকে উন্নয়নশীল দেশে প্রবেশের প্রথম ধাপ সফলভাবে অতিক্রম করেছে। তিনি বলেন, আগামী ২০২৪ সালে পরিপূর্ণভাবে উন্নয়নশীল দেশে পরিণত হবে। ২০২৭ সালের পর বাংলাদেশ আর এলডিসিভুক্ত দেশের বাণিজ্য সুবিধা পাবে না। বিশ্ব বাণিজ্যে প্রতিযোগিতা করে এগিয়ে যাবে। এজন্য বাংলাদেশ প্রস্তুতি শুরু করেছে, নির্ধারিত সময়ের আগেই প্রয়োজনীয় সক্ষমতা অর্জন করবে। গতকাল (৮ সেপ্টেম্বর শনিবার) ঢাকায় মাইডাস সেন্টারে মাইক্রো ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট অ্যাসিস্টেন্স অ্যান্ড সার্ভিস (মাইডাস) এর ৩৫তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **সমকাল** (পৃ.১৩,ক.৫), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

**৬। আগামী নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, সংবিধান অনুযায়ী আগামী নির্বাচন যথাসময়ে অনুষ্ঠিত হবে। জনগণ সঙ্গে থাকলে ঐ নির্বাচন ঠেকানোর ক্ষমতা কারো নেই। গতকাল (৮ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউটে কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ আয়োজিত ষষ্ঠ জাতীয় কনভেনশন উপলক্ষে

'কৃষি ফার্মিং:চ্যালেঞ্জ ও করণীয়' শীর্ষক আন্তর্জাতিক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, আগামী নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ হবে। নির্বাচন কমিশন শতভাগ সুষ্ঠু ও অবাধ নির্বাচন করবে। সব দলই নির্বাচনে অংশগ্রহণের সমান সুযোগ পাবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.৫)।

**৭। পাকিস্তান এখন বাংলাদেশের মতো হতে চায় : শিক্ষামন্ত্রী**

আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে বর্তমান বাংলাদেশ উন্নয়নের রোল মডেল উল্লেখ করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, এখন পাকিস্তানও বাংলাদেশের মতো হতে চায়। গতকাল (৮ সেপ্টেম্বর শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সমাজবিজ্ঞান ভবনের মুজাফ্ফর আহমদ চৌধুরী মিলনায়তনে এক আন্তর্জাতিক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

**৮। সাক্ষরতার চিত্র ১০ বছরের মধ্যে পাল্টে যাবে : গণশিক্ষামন্ত্রী**

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেছেন, এখন শুধু লিখতে ও পড়তে পারলেই সাক্ষর বলে না। পড়ালেখার পাশাপাশি কর্মদক্ষ হলেই তাকে সাক্ষর বলা হচ্ছে। সাক্ষরতার চিত্র আগামী ১০ বছরের মধ্যে পাল্টে যাবে। সাক্ষরতা মানে একজন শিক্ষিত ও দক্ষ ব্যক্তিকে বোঝাবে। গতকাল (৮ সেপ্টেম্বর শনিবার) শিল্পকলা একাডেমি মিলনায়তনে আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, দেশের উন্নয়ন প্রকল্পগুলো বাস্তবায়ন হওয়ায় জনগণের মনে ভরসার একটি স্থান সৃষ্টি হয়েছে। উন্নয়নের ক্রমবর্ধমান ধারা অব্যাহত থাকলে ১০ বছরের মধ্যে বাংলাদেশ উন্নত দেশে পরিণত হবে। তবে তিনি দক্ষ ও কর্মক্ষম জনশক্তি তৈরিতে প্রশিক্ষণের ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সমকাল** (পৃ.৫,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭)।

**৯। আন্দোলনের নামে নাশকতা হলে কঠোর হস্তে দমন : আইজিপি**

পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী বলেছেন, আসন্ন নির্বাচনকে সামনে রেখে আন্দোলনের নামে যে কোনো ধরনের অরাজকতা ও নাশকতা চালানোর চেষ্টা হলে তা কঠোর হাতে দমন করা হবে। কোনো ধরনের হুমকি বরদাশত করা হবে না। গতকাল (৮ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর মিরপুরে পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ এর পিএসসি কনভেনশন হলে পুলিশে কর্মরত সদস্যবৃন্দের কৃতি সন্তানদের 'মেধাবৃত্তি প্রদান অনুষ্ঠান ২০১৮'শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **ডেইলি স্টার** ( পৃ.৩,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

**১০। ট্রাফিক আইন ভাঙলে পুলিশকেও কোনো ছাড় নয় : ডিএমপি কমশনার**

পুলিশের কোনো সদস্য ট্রাফিক আইন ভঙ্গ করলে তাকে এক চুলও ছাড় দেওয়া হবে না বলে ঘোষণা দিয়েছেন ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার আছাদুজ্জামান মিয়া। তিনি বলেছেন, পুলিশের প্রতিটি গাড়িতে ব্লু বুক ও বৈধ ড্রাইভিং লাইসেন্স রাখার নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল (৮ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর শাহবাগে ট্রাফিক সচেতনতামূলক এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**১১। পটুয়াখালির পায়রায় ৩৬০০ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র নির্মাণে চুক্তি স্বাক্ষর**

বাংলাদেশের নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) ও জার্মান ভিত্তিক সিমেন্স এজি পটুয়াখালির পায়রায় ৩৬০০ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র নির্মাণে চুক্তি স্বাক্ষর করেন। গত ৭ সেপ্টেম্বর শুক্রবার ঢাকার একটি হোটেলে এ যৌথ উন্নয়ন চুক্তি স্বাক্ষর হয়। চুক্তিতে এনডব্লিউপিজিসিএল এর পক্ষে কোম্পানির সচিব দীপক কুমার ঢালি ও সিমেন্সের পক্ষে সিমেন্সের প্রেসিডেন্ট (গ্যাস এন্ড পাওয়ার) রিচার্ড ক্লেটন রেজিগ স্বাক্ষর করেন। এ উন্নয়ন চুক্তির আওতায় পূর্ণাঙ্গ সমীক্ষা, প্রকল্প প্রস্তাবনা চূড়ান্ত, বিদ্যুৎ ক্রয় চুক্তি, ঠিকাদার নিয়োগ ও পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ কার্য সম্পাদন করা হবে। এছাড়াও ঋণ সংগ্রহের কাজ করা হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৬), **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.২), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.১)।

**১২। উদ্ভাবক তৈরিতে ৫০ কোটি ডলারের তহবিল গঠন করল আইডিবি**

উদ্ভাবক ও বিজ্ঞানী তৈরিতে ৫০ কোটি ডলারের একটি তহবিল গঠন করেছে ইসলামী উন্নয়ন ব্যাংক (আইডিবি)। বাংলাদেশি মুদ্রায় যার পরিমাণ প্রায় চার হাজার কোটি টাকা। তহবিলটির নাম দেওয়া হয়েছে 'ট্রান্সফরমারস ফান্ড'। আইডিবি'র সদস্য দেশগুলোর মধ্যে নতুন ধারণার উদ্ভাবক, বিজ্ঞানী ও উদ্যোক্তা তৈরিতে এ টাকা খরচ হবে। গতকাল (৮ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর হোটেল রেডিসনে এসব তথ্য জানান আইডিবি

প্রেসিডেন্ট বান্দার বিন মোহাম্মদ বিন হামজা আসাদ আল হাজ্জারের উপদেষ্টা ড. হায়াত সিন্ধি। ট্রান্সফরমারস রোড শো অনুষ্ঠানে তিনি বলেন, আমাদের লক্ষ্য হলো-আইডিবি সদস্য দেশগুলোর মধ্য থেকে নতুন ধারণার উদ্ভাবক, বিজ্ঞানী এবং উদ্যোক্তা চিহ্নিত করা। যাদের ধারণাগুলো জাতিসংঘ ঘোষিত ১৫ বছর মেয়াদ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে সহায়তা করতে পারে। অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ইয়াফেস ওসমান বলেন, ডিজিটাল বাংলাদেশ এখন আর ধারণা নয়। এটা এখন বাস্তবতা। বাংলাদেশকে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত করতে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.১)।

**১৩। ইলিশের জীবনরহস্য উন্মোচন**

প্রথমবারের মতো ইলিশ মাছের পূর্ণাঙ্গ জীবনরহস্য উন্মোচন করেছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) একদল গবেষক। দেশি ইলিশের জীবনরহস্য প্রস্তুতকরণ, জিনোমিক ডাটাবেজ স্থাপনে প্রায় দুই বছরের গবেষণায় এ সাফল্য পেয়েছেন বলে জানিয়েছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ বায়োলজি অ্যান্ড জেনেটিক্স বিভাগের অধ্যাপক ড. মো. সামছুল আলম ও তার সহযোগী গবেষকরা। গতকাল (৮ সেপ্টেম্বর শনিবার) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে এক সংবাদ সম্মেলনে তাঁরা এ কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ.ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **জনকণ্ঠ :** শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক ক্যান্সার শনাক্তের নতুন প্রযুক্তি উদ্ভাবনে সক্ষম হওয়ার ঘটনাকে স্বাগত জানিয়ে আন্তর্জাতিক মানের বিজ্ঞান গবেষণাগার স্থাপনে আর্থিক বরাদ্দ বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

**খ.** **সংবাদ :** চট্টগ্রাম মহানগরীতে কিশোর অপরাধ উদ্বেগজনক পর্যায়ে পৌঁছেছে উল্লেখ করে এসব অপরাধে মদদদাতাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার দাবি।

**গ.** **যুগান্তর :** রাজধানীর সড়কগুলোতে বিশৃঙ্খলা, দুর্ঘটনা, প্রাণহানির পেছনের অন্যতম কারণ চালক ও যাত্রী কারোরই আইনের প্রতি শ্রদ্ধাবোধ না থাকা উল্লেখ করে আইনভঙ্গের সংস্কৃতিরোধে দীর্ঘমেয়াদি সচেতনতামূলক পদক্ষেপ নেওয়ার আহ্বান।

**ঘ.** **ইনকিলাব, নিউ এজ :** রাজধানীর খাল, জলাশয় থেকে শুরু করে পুকুর পর্যন্ত প্রভাবশালী দখলদারদের কারণে বিলীন হয়ে যাচ্ছে উল্লেখ করে রাজধানীর এ নাজুক অবস্থা নিরসনে এবং একে বাসযোগ্য করে তোলার জন্য দ্রুত কার্যকর উদ্যোগ গ্রহণ করার সুপারিশ।

**ঙ.** **যায়যায়দিন, সমকাল, ভোরের কাগজ :** দেশে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে এ যাবৎকালের সর্বোচ্চ রেকর্ড ২০ হাজার মেগাওয়াট উৎপাদনের মাইলফলক স্পর্শ করেছে সরকার এ খবরে স্বস্তি প্রকাশ করে দেশের বিদ্যুতের চাহিদা পূরণে সরকারের বিভিন্ন মহাপরিকল্পনা দ্রুত বাস্তবায়নের প্রত্যাশা।

**চ.** **ইত্তেফাক :** অযৌক্তিক ও যথেচ্ছ ব্যবহারের কারণে অ্যান্টিবায়োটিক কার্যকারিতা হারাচ্ছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা অ্যান্টিবায়োটিকের ব্যবহারকে বিধিবদ্ধ করার যে দিক-নির্দেশনা নির্ধারণ করে দিয়েছে তা যথাযথভাবে মেনে চলার আহ্বান।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট :** ডেঙ্গুজ্বরের কারণে এ পর্যন্ত ১১ জনের মৃত্যু এবং ৩,৩৭৪ জন আক্রান্ত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে ডেঙ্গু প্রতিরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**আমাদের সময়** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সুস্থ সমাজ গঠনের অন্যতম শ্রেষ্ঠ মাধ্যম হলো সংবাদপত্র।

## নিবন্ধ ও ফিচার

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'হাসপাতালে জবাবদিহি নিশ্চিত হোক'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, জনস্বাস্থ্য রক্ষায় জবাবদিহি বৃদ্ধি করা, মেডিকেল যন্ত্রপাতি ও ওষুধপত্রের সরবরাহ বৃদ্ধি, সেইসঙ্গে ভুয়া চিকিৎসক, ভুয়া ক্লিনিক ও ভুয়া হাসপাতাল চিহ্নিত করে আইনের মাধ্যমে শাস্তি নিশ্চিত করতে হবে।

#

**ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা**